

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১১১

পর্ব - ১ ঃ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮. গোসল ও যৌন অপবিত্র ব্যক্তির (জুনুবী) হুকুম - স্ত্রীর বীর্য বা মনী বের হলে গোসল করা আবশ্যক

আরবী

وَعَنْ أَنَسِ [بْنِ مَالِكٍ] _ رضي الله عنه _ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ _ صلى الله عليه وسلم _ في الْمَرْأَةِ تَرَى فِي مَنَامِهَا مَا يَرَى الرَّجُلُ _ قَالَ: «تَغْتَسِلُ». مُتَّفَقٌ عَلَيْهِ وَلَا يَرَى الرَّجُلُ _ قَالَ: «نَعَمْ فَمِنْ أَيْنَ يَكُونُ الشَّبَهُ وَادَ مُسْلِمٌ: فَقَالَتْ أُمُّ سُلَيْمٍ: وَهَلْ يَكُونُ هَذَا? قَالَ: «نَعَمْ فَمِنْ أَيْنَ يَكُونُ الشَّبَهُ

عزوه للمتفق عليه وهم الحافظ _رحمه الله_ إذا الحديث لم يروه البخاري تحرف في «الأصلين» إلى «أم سلمة» وما أثبته من صحيح مسلم صحيح. رواه مسلم (311) وهو بتمامه: عن أنس بن مالك؛ أن أم سليم سألت نبي الله صلى الله عليه وسلم: عن المرأة ترى في منامها ما يرى الرجل؟ فقال رسول الله صلى الله عليه وسلم: «إذا رأت ذلك المرأة فلتغتسل» فقالت أم سليم: واستحييت من ذلك. قالت: وهل يكون هذا؟ فقال نبي الله صلى الله عليه وسلم: نعم. فمن أين يكون الشبه. إن ماء الرجل غليظ أبيض. وماء المرأة رقيق أصفر. فمن أيهما علا أو سبق يكون منه الشبه

বাংলা

১১১। আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, মেয়েরাও যদি স্বপ্নে (যৌন মিলন) দেখে যা পুরুষরা দেখে থাকে তাহলে তার সম্বন্ধে বলেছেন, (শুক্রের চিহ্নু দেখতে পেলে) "তাকে গোসল করতে হবে।" (মুত্তাফাকুন আলাইহ)[1]

মুসলিমে অতিরিক্ত আছেঃ "অতঃপর উম্মু সালামাহ রস্লুল্লাহ সালালাহ আলাইহি ওয়াসাল্লাম-কে বললেন, "এটা



কি হয়! (অর্থাৎ স্বপ্নে কি মেয়েদের বীর্য নির্গত হয়?" তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, 'হাঁ, হয়। নচেৎ সন্তান কিভাবে (মেয়েদের) সাদৃশ্য হয়ে থাকে?"[2]

English

Narrated Anas (rad):

Allah's Messenger (ﷺ) said about the precept of a woman having ejaculation during sleep like a man, "She should take a Ghusl (bath)". [Agreed upon]

Added Muslim:

Umm Salama said, "Does this happen (to a woman)?" He (ﷺ) said: "Yes, otherwise where does the resemblance (of a child to its mother) come from?"

ফুটনোট

- [1] ইবনু হাজার আসকালানী ভুল বশতঃ মুত্তাফাকুন আলাইহি বলেছেন। কেননা এ হাদীসটি ইমাম বুখারী বর্ণনা করেননি।
- [2] মুসলিম ৩১১ হাদীসটির পুরোটাই বর্ণনা করেছেন। তা হচ্ছে- আনাস (রাঃ) হতে বর্ণিত, উন্মু সালামাহ নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞেস করলেন, কোন মহিলা যদি স্বপ্নে পুরুষেরা যেরকম দেখে থাকে সেরকম দেখে তাহলে কী করবে? রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, কোন নারী যদি এরকম কিছু দেখে তবে সে গোসল করবে। অতঃপর উন্মু সুলাইম বলেন, আমি এ কথায় লজ্জা পেয়ে গেলাম। রাবী বলেন, উন্মু সুলাইম বললেন, এটা কি করে সম্ভব? নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, অবশ্যই সম্ভব। তাহলে সন্তান-সন্ততি পিতামাতার সদৃশ হয়ে থাকে কোখেকে? পুরুষের বীর্য গাঢ় এবং সাদা এবং নারীর বীর্য হালকা এবং হলদে বর্ণের। নারী-পুরুষ উভয়ের মধ্যে যার বীর্য শক্তিশালী হয় বা পূর্বে জরায়ুতে প্রবেশ করে সন্তান তার সদৃশ হয়ে থাকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন